

## ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

খুলনা শাখা, ৪৭, কে, ডি, ঘোষ রোড, খুলনা

### অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৭) ধারামতে বিজ্ঞ আদালত হইতে মালিকানা স্বত্বপ্রাপ্ত সম্পত্তির নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩ (৭) ধারা মোতাবেক খুলনা অর্থঋণ আদালত ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, খুলনা শাখার ঋণগ্রহীতা মেসার্স রুনা ট্রেডার্স এর ঋণের বিপরীতে বন্ধককৃত নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির মালিকানা স্বত্ব ডিক্রিডার ব্যংক তথা ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ এর অনুকূলে ন্যস্ত করিয়াছেন যাহা নিলামে বিক্রয়ের জন্য অগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানা সহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমহরকৃত খামে দরপত্র আহবান করা যাইতেছে।

### বন্ধকী সম্পত্তির তফসিল

জেলা, থানা ও সাব-রেজিষ্ট্রী অফিস- খুলনা, মৌজা-টুটপারা, জেএল নং-০৪, সি.এস খতিয়ান নং-২১০, তৎপর-২১০/১, এস.এ. খতিয়ান নং-২৬৬, তৎপর-২৬৬/১, ডি.পি/আর.এস খতিয়ান নং-১১০০, সি.এস দাগ-৪৬০ এবং এস.এ দাগ নং-১১৩১, আর.এস দাগ নং-৮৩৫২, জমির পরিমাণ- ০৮.০০ শতক বা ০.০৮ বা একর এবং তদুপরিস্থিত ৪ (চার) তলা বিশিষ্ট ভবন।

### নিলামের শর্তাবলী

- (১) আগামী ১০/০৭/২০১৭ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, খুলনা শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দরের ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, খুলনা শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিষ্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৬) দরপত্র জমা দেওয়ার পর আলোচ্য সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব, স্বত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, খুলনা শাখা, খুলনা।